

المُعِيد

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৬০ তম নাম ‘المُعِيد’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘المُعِيد’ শব্দের মূল ع - ا - د, এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৪৩ বার এসেছে। পুনরাবৃত্তি, পুনরাবৃত্তিকারী, পুনরুত্থানকারী স্রষ্টা ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْمُعِيد অর্থ: ‘তিনি পুনরুত্থানকারী স্রষ্টা’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

أَوَلَمْ يَرَوْا كَيْفَ يُبْدِئُ اللَّهُ الْخَلْقَ ثُمَّ يُعِيدُهُ إِنَّ ذَلِكَ عَلَى اللَّهِ يَسِيرٌ ﴿١٩﴾

তারা কি চিন্তা করে দেখে না, আল্লাহ কিভাবে সৃষ্টিকে অস্তিত্ব দান করেন, তারপর পুনরায় সৃষ্টি করেন। এ কাজ আল্লাহর জন্য একেবারেই সহজ? (সূরা আন কাবুত: আয়াত নং ১৯)

ثُمَّ يُعِيدُكُمْ فِيهَا وَيُخْرِجُكُمْ إِخْرَاجًا ﴿١٨﴾

তারপর তিনি তোমাদের তাতেই (মাটিতেই) ফিরিয়ে নেবেন এবং সেখান থেকে আবার বের করে আনবেন। (সূরা আল নূহ: আয়াত নং ১৮)

إِنَّهُ هُوَ يُبْدِئُ وَيُعِيدُ ﴿١٣﴾

নিশ্চয়ই তিনি (সেই মহান সত্তা) যিনি সৃষ্টি করেন এবং পুনরায় সৃষ্টি করবেন। (সূরা আল বুরুজ: আয়াত নং ১৩)

আহমদ শরীফের হাদীস:

اللهم إني أعوذ بك أن أشرك بك شيئاً وأنا أعلم وأستغفرك لما لا أعلم

হে আল্লাহ, আমি তোমার কাছে আশ্রয় চাই জেনে-বুঝে শিরক করা থেকে এবং তোমার কাছে ক্ষমা চাই অজ্ঞতাবশত: কোন শিরক করা থেকে।

সুতরাং, প্রিয় ভাই ও বোনেরা! মৃত্যুর পর আল্লাহ আমাদেরকে আবার সৃষ্টি করবেন এবং আমাদেরকে দুনিয়ার সমস্ত ভালো ও মন্দ কাজের হিসাব আল্লাহর কাছে দিতে হবে। বিচারের দিন যেন আল্লাহ আমাদের হিসাব সহজ করে দেন, সে জন্য আমাদের উচিত আল্লাহর হুকুম নির্দেশ যা কোরআনে বর্ণিত হয়েছে এবং রাসূল সাঃ সুননের অনুসরণ করি। আল্লাহর সাথে শিরক না করি। শিরকের গুনাহ আল্লাহ মাফ করবেন না বলে কোরআনে ঘোষণা করেছেন। আল্লাহ আমাদের সহায় হোন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবাকাতুহ।